গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(শরণার্থী বিষয়ক সেল)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

স্মারক নম্বর- ৫১.০০.০০০০.১১২.২০.০২৮.১৮.১৫২ তারিখঃ ০৫ এপ্রিল ২০২১

বিষয়ঃ রোহিঙ্গা ক্যাম্পসমূহে শেল্টার নির্মাণের ডিজাইন অনুমোদন।

সূত্র: ০১। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং - ৫১.০০.০০০০.১১২.২০.০২৮.১৮.১৩৩, তারিখঃ ২৮ মার্চ ২০২১
০২। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং - ৫১.০০.০০০০.১১২.২০.০২৮.১৮.১৭,তারিখঃ ১২ জানুয়ারি ২০২১
০৩। শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার এর স্মারক নং শত্রাপ্রক/নির্মাণ/স্টীল শেল্টার/১-১৫/২০১৯-২৩২৬, তারিখ: ০৭ ডিসেম্বর ২০২০।
০৪। শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার এর স্মারক নং শত্রাপ্রক/নির্মাণ/স্টীল শেল্টার/১-২৫/২০২০-২৬৬০, তারিখ: ২৭ ডিসেম্বর ২০২০।
০৫। শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার এর স্মারক নং শত্রাপ্রক/নির্মাণ/শামলাপুর/১-২০/২০২০/৩০৪ তারিখ: ২১ জানুয়ারি ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রাদির পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইতোপূর্বে অনুমোদিত UNHCR এর শেল্টার এর ডিজাইন পুন:পর্যালোচনা ও IOM কর্তৃক প্রস্তাবিত শেল্টার ডিজাইন অনুমোদন, রোহিঙ্গা ক্যাম্পে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে বাঁশ, সামান্য কাঠ ও Tarpaulin জাতীয় দ্রব্যাদি দ্বারা দ্বিতল শেল্টার স্থাপন এবং নয়াপাড়া শরণার্থী ক্যাম্পে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত রোহিঙ্গাদের শেড নির্মাণ বিষয়ে ০২ নং সূত্রস্থ স্মারকে গঠিত কমিটির ২৮ মার্চ ২০২১ তারিখে দাখিলকৃত প্রতিবেদনের সুপারিশ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন করা হয়েছে।

০২। এমতাবস্থায়, উক্ত কমিটির প্রতিবেদনে বর্ণিত সুপারিশ অনুযায়ী রোহিঙ্গা ক্যাম্পসমূহে শেল্টার নির্মাণ/পুন:নির্মাণ সংক্রান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৪ (চার) ফর্দ।

০৫.০৪.২০২১
(ডা. শামীম রহমান)
সিনিয়র সহকারী সচিব)
ফোন: ৯৫১৫৫৫৪
ই-মেইল: rcmofdm@yahoo.com

শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার (RRRC)
কক্সবাজার।

অনুলিপি:
১। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(শরণার্থী বিষয়ক সেল)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

স্মারক নম্বর- ৫১.০০.০০০০.১১২.২০.০২৮.১৮.১৩৩ তারিখঃ ২৮ মার্চ ২০২১

**বিষয়ঃ ১. UNHCR এর শেল্টার এর ডিজাইনের পুন:পর্যালোচনা এবং IOM কর্তৃক প্রস্তাবিত শেল্টার ডিজাইন অনুমোদন বিষয়ে গঠিত কমিটির সুপারিশ।**
**২. রোহিঙ্গা ক্যাম্পে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে বাঁশ, সামান্য কাঠ ও Tarpaulin জাতীয় দ্রব্যাদি দ্বারা দ্বিতল শেল্টার স্থাপন বিষয়ে মতামত।**
**৩. নয়াপাড়া শরণার্থী ক্যাম্পে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ রোহিঙ্গাদের শেড নির্মাণ।**

সূত্র: ১. দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নম্বর-৫১.০০.০০০০.১১২.২০.০২৮.১৮.১৭; তারিখ: ১২ জানুয়ারি ২০২১
২. দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নম্বর-৫১.০০.০০০০.১১২.২০.০২৮.১৮.৬৬; তারিখঃ ০৩ ফেব্রুয়ারি ২০২১
৩.দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নম্বর-৫১.০০.০০০০.১১২.২০.০২৮.১৮.৬৯; তারিখঃ ০৮ ফেব্রুয়ারি ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রসমূহের প্রেক্ষিতে মন্ত্রণালয়ের কমিটি কর্তৃক শেল্টারসমূহ পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০৩ (তিন) পাতা।

২৮/০৩/২০২১
(মো: হাসান সারওয়ার)
যুগ্মসচিব ও
প্রধান, শরণার্থী বিষয়ক সেল
ফোন: ৯৫১৫৫৫৪
ই-মেইল: rcmofdm@yahoo.com

সচিব
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনিলিপি:
০১। জনাব রঞ্জিৎ কুমার সেন এনডিসি, অতিরিক্ত সচিব, (দুর্যোগ ব্যবস্থাপনা-১, ত্রাণ প্রশাসন) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
০২। জনাব শাহ্ রেজওয়ান হায়াত, অতিরিক্ত সচিব, শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার মোটেল রোড, কক্সবাজার।

বিষয়: ১. UNHCR এর শেল্টার এর ডিজাইনের পুন:পর্যালোচনা এবং IOM কর্তৃক প্রস্তাবিত শেল্টার ডিজাইন অনুমোদন বিষয়ে গঠিত কমিটির সুপারিশ।

২. রোহিঙ্গা ক্যাম্পে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে বাঁশ, সামান্য কাঠ ও Tarpaulin জাতীয় দ্রব্যাদি দ্বারা দ্বিতল শেল্টার স্থাপন বিষয়ে মতামত।

৩. নয়াপাড়া শরণার্থী ক্যাম্পে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ রোহিঙ্গাদের শেড নির্মাণ।

সূত্র: ১. দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং-৫১.০০.০০০০.১১২.২০.০২৮.১৮.১৭ তারিখ: ১২ জানুয়ারি ২০২১খ্রি.

২. দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং-৫১.০০.০০০০.১১২.২০.০২৮.১৮.৬৬ তারিখ: ০৩ ফেব্রুয়ারি ২০২১খ্রি

৩. দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং-৫১.০০.০০০০.১১২.২০.০২৮.১৮.৬৯ তারিখ: ০৮ ফেব্রুয়ারি ২০২১খ্রি

কক্সবাজারের টেকনাফ ও উখিয়াস্থ শরণার্থী ক্যাম্পে বসবাসরত শরণার্থীদের জন্য শেল্টার ডিজাইনের পুন:পর্যালোচনা এবং IOM কর্তৃক প্রস্তাবিত শেল্টার ডিজাইন অনুমোদন বিষয়ে গঠিত কমিটির সদস্যগণ বিগত ১০-১১ ফেব্রুয়ারি ২০২১ তারিখে কক্সবাজার জেলায় UNHCR ও IOM কর্তৃক নির্মিত নমুনা শেল্টার পরিদর্শন করেন। এ ছাড়া নয়াপাড়া রেজিস্টার্ড ক্যাম্পে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ রোহিঙ্গাদের শেড পরিদর্শন করেন। পরিদর্শনকালে কমিটির সদস্যবৃন্দের সাথে নয়াপাড়ার ক্যাম্প ইন-চার্জ জনাব মো: আবদুল হান্নান, শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার অফিসের জেলা ত্রাণ ও পুনবার্সন কর্মকর্তা জনাব মো: মাছুম কবির নজরুল ইসলাম, UNHCR এর প্রতিনিধি জনাব Colin Price, IOM এর প্রতিনিধি জনাব Manuel Marques Pereira উপস্থিত ছিলেন। প্রসঙ্গত কমিটির অপর সদস্য শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার জনাব শাহ্ রেজওয়ান হায়াত। তিনি কক্সবাজার জেলায় কর্মরত আছেন এবং ইতোপূর্বে এ সকল নমুনা শেল্টার একাধিকবার পরিদর্শন করেছেন। তাঁর পূর্ব নির্ধারিত সভা ও অন্যান্য জরুরী কাজ থাকায় তাঁকে পরিদর্শনের সময় সঙ্গে নেয়া হয় নি। পরিদর্শন শেষে সকল নমুনা শেল্টার বিষয়ে শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারসহ বিস্তারিত আলোচনা করা হয়। শেল্টার এর ডিজাইন বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা শেষে কমিটির সর্বসম্মত মতামত নিম্নরুপ:

**রেজিস্টার্ড ক্যাম্পের জন্য প্রস্তাবিত ডিজাইন নিম্নরুপ:**

১. দু'তলা শেল্টারের ক্ষেত্রে প্রতি তলার আকার ১০ ফুট X ১৩ ফুট এর অধিক হবে না। একতলা হলে আকার ১৫ ফুট X ১৫ ফুট এর অধিক হবে না।

২. এক স্তর ফ্ল্যাট ইট বিছিয়ে পরিমাণমত সিমেন্ট মিশিয়ে মেঝে আচ্ছাদন করা যেতে পারে। ঘরের plinth সমতল জায়গায় ৫ ইঞ্চি ইটের গাঁথুনি হতে পারে এবং পাহাড়ের ঢালে হলে পাহাড় কেটে সমতল না করে মাচা ঘর (Stilt Shelter) হতে পারে। Stilt Shelter এর ক্ষেত্রে নিচে আরসিসি কলাম হতে পারে।

৩. ঘরের বেষ্টনী বাঁশের বেড়া দ্বারা নির্মাণ করতে হবে। তবে, ঝড় বা অন্যান্য প্রাকৃতিক দুর্যোগ হতে রক্ষার জন্য খুঁটি হিসেবে ন্যূনতম এমএস স্টিল এর পাইপ বা বক্স/ ৫ ইঞ্চি X ৫ ইঞ্চি আরসিসি প্রিকাস্ট খুঁটি ব্যবহার করা যেতে পারে।

৪. দু'তলার মেঝে নির্মাণে কাঠ/বরাক বাঁশের ফালি/স্টিল শিট/এম এম এ্যাঙ্গেল বা বক্স ব্যবহার করা যেতে পারে।

৫. ঘরের ছাদ টিন/তারপলিন শিট দ্বারা আচ্ছাদন ও তার নিচে তাপ নিরোধী আস্তর ব্যবহার করা যেতে পারে।

৬. দু'তলায় উঠার সিঁড়ি নির্মাণে বাঁশের সিঁড়ি/কাঠ/লোহার পাইপ ব্যবহার করা যেতে পারে।

৭. চালার কাঠামো নির্মাণে কাঠ/বাঁশ/এম এস এ্যাঙ্গেল ব্যবহার করা যেতে পারে।

৮. ঘরের দরজা ও জানালা বাঁশ ও কাঠ দিয়ে তৈরি করা যেতে পারে।

**রেজিস্টার্ড বাদে অন্যান্য দ্বিতল শেল্টারের ডিজাইন নিম্নরূপ হতে পারে:**

১. সকল শেল্টার দু'তলা হবে। শেল্টারের ক্ষেত্রফল প্রতি তলায় ১০ ফুট X ১০ ফুট এর অধিক হবে না।

২. মেঝেতে সর্বক্ষেত্রে সিমেন্ট বালির আস্তর হবে। তবে বিশেষ ক্ষেত্রে এক স্তর ফ্ল্যাট ইট বিছিয়ে পরিমাণমত সিমেন্ট মিশিয়ে মেঝে আচ্ছাদন করা যেতে পারে। ঘরের plinth সমতল জায়গায় ৫ ইঞ্চি ইটের গাঁথুনি হতে পারে এবং পাহাড়ের ঢালে হলে পাহাড় কেটে সমতল না করে মাচা ঘর (Stilt Shelter) হতে পারে। Stilt Shelter এর ক্ষেত্রে নিচে আরসিসি কলাম হতে পারে।

৩. ঘরের বেষ্টনী বাঁশের বেড়া দ্বারা নির্মাণ করা যেতে পারে। তবে, ঝড় বা অন্যান্য প্রাকৃতিক দুর্যোগ হতে রক্ষার জন্য খুঁটি হিসেবে ন্যূনতম স্টিল এর পাইপ/বক্স ব্যবহার করা যেতে পারে।

৪. দু'তলার মেঝে নির্মাণে বরাক বাঁশের ফালি / কাঠ / এম এম এ্যাঙ্গেল বা বক্স ব্যবহার করা যেতে পারে।

৫. ঘরের ছাদ প্রয়োজনীয় পুরুত্বের তারপলিন দ্বারা আচ্ছাদন করা যেতে পারে। এর চালার কাঠামো বাঁশের এবং এমএস এ্যাঙ্গেলের হতে পারে।

৬. দু'তলায় উঠার সিঁড়ি নির্মাণে কাঠ/বাঁশের সিঁড়ি/লোহার পাইপ ব্যবহার করা যেতে পারে।

৭. ঘরের দরজা ও জানালা বাঁশ ও কাঠ দিয়ে নির্মাণ করা যেতে পারে।

রেজিস্টার্ড বাদে অন্যান্য একতলা শেল্টারের ডিজাইন নিম্নরূপ হতে পারে:

১. অবস্থানগত কারণে কোন স্থানে দু'তলা শেল্টার নির্মাণ করা সম্ভব না হলে এক পরিবারের জন্য ১০ ফুট x ১৫ ফুট আকারের একতলা শেল্টার নির্মাণ করা যেতে পারে।

২. মেঝেতে সর্বক্ষেত্রে সিমেন্ট বালির আস্তর হবে। তবে বিশেষ ক্ষেত্রে এক স্তর ফ্ল্যাট ইট বিছিয়ে পরিমাণমত সিমেন্ট মিশিয়ে মেঝে আচ্ছাদন করা যেতে পারে। ঘরের plinth সমতল জায়গায় ৫ ইঞ্চি ইটের গাঁথুনি হতে পারে এবং পাহাড়ের ঢালে হলে পাহাড় কেটে সমতল না করে মাচা ঘর (Stilt Shelter) হতে পারে। Stilt Shelter এর ক্ষেত্রে নিচে আরসিসি কলাম হতে পারে।

৩. ঘরের বেষ্টনী বাঁশের বেড়া দ্বারা নির্মাণ করা যেতে পারে। তবে, ঝড় বা অন্যান্য প্রাকৃতিক দুর্যোগ হতে রক্ষার জন্য বাঁশের খুঁটি/ন্যূনতম স্টিল এর পাইপ/এমএস বক্স খুঁটি হিসেবে ব্যবহার করা যেতে পারে।

৪. ঘরের ছাদ প্রয়োজনীয় পুরুত্বের তারপলিন দ্বারা আচ্ছাদন করা যেতে পারে। এর চালার কাঠামো বাঁশের এবং এমএস এ্যাঙ্গেলের হতে পারে।

৫. ঘরের দরজা ও জানালা বাঁশ ও কাঠ দিয়ে নির্মাণ করা যেতে পারে।

ইতিপূর্বে বেশকিছু শেল্টার নির্মাণ করা হয়েছে। উক্ত শেল্টারসমূহ না ভেঙ্গে (dismantle) রেজিস্টার্ড ক্যাম্পে বসবাসকারী রোহিঙ্গাদের মধ্যে বিতরণের মাধ্যমে বসবাস করার অনুমতি দেয়া যেতে পারে। কিছু শেল্টারের নির্মাণ কাজ অসমাপ্ত অবস্থায় আছে তন্মধ্যে যে সকল শেল্টারের খুটি এবং প্লিন্থ এর কাজ সম্পন্ন হয়েছে তার অসমাপ্ত কাজ পূর্বের ডিজাইন মত হবে আর যে সকল শেল্টারের খুঁটির কাজ এখনও হয়নি তার কাজ পুর্বের মত না হয়ে বর্ণিত সুপারিশ মত হবে। তবে নতুন শেল্টার নির্মাণের ক্ষেত্রে প্রস্তাবিত ডিজাইনের বাইরে কোন শেল্টার নির্মাণ করা সমীচীন হবে না বলে এ কমিটি মনে করে। একই সাথে পরবর্তীতে কোন প্রতিষ্ঠান কর্তৃক শেল্টার নির্মাণের প্রস্তাব করা হলে প্রস্তাবিত ডিজাইন অনুসারে শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার শেল্টার নির্মাণের অনুমতি প্রদান করতে পারবেন। সেক্ষেত্রে, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অনুমতির আর প্রয়োজন হবে না।

১৬/০৩/২০২১
মো: হাসান সারওয়ার
প্রধান (যুগ্মসচিব)
শরণার্থী বিষয়ক সেল
দুর্যোগ ব্যবস্থাপন ও ত্রাণ মন্ত্রণালয়
ও
সদস্য
শেল্টারের প্রস্তাবিত ডিজাইন
অনুমোদন বিষয়ে মতামত প্রদান
সংক্রান্ত কমিটি

শাহ্ রেজওয়ান হায়াত
(অতিরিক্ত সচিব)
শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন
কমিশনার
ও
সদস্য
শেল্টারের প্রস্তাবিত ডিজাইন
অনুমোদন বিষয়ে মতামত প্রদান
সংক্রান্ত কমিটি

১৬/০৩/২০২১
রঞ্জিৎ কুমার সেন, এনডিসি
অতিরিক্ত সচিব
(দুর্যোগ ব্যবস্থাপনা-১, ত্রাণ প্রশাসন)
দুর্যোগ ব্যবস্থাপন ও ত্রাণ মন্ত্রণালয়
ও
আহ্বায়ক
শেল্টারের প্রস্তাবিত ডিজাইন
অনুমোদন বিষয়ে মতামত প্রদান
সংক্রান্ত কমিটি